গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
ডুমুরিয়া, খুলনা
www.dumuria.khulna.gov.bd

**উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা এর মার্চ-২০২৫ খ্রিঃ মাসের সভার কাযবিবরণী:**

সভাপতি : মুহাম্মদ আল-আমিন, প্রশাসক, উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা।

সভার স্থান : উপজেলা কমপ্লেক্স সম্প্রসারিত প্রশাসনিক ভবনের হলরুম, ডুমুরিয়া, খুলনা।

সভার তারিখ ও সময় : ২০ মার্চ, ২০২৫ সময় – দুপুর ১২.০০ টা

উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি গত সভার কাযবিবরণী পাঠ করে শোনান এবং কার্যপত্র উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কাযবিবরণী অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার মহোদয় কর্তৃক বিগত ২৭ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক সভার কাযবিবরণী উক্ত সভায় উপস্থাপন করা হয়। কোনোরূপ সংশোধনী প্রস্তাব না থাকায় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করার প্রতি গুরুত্বারোপ করা হয়। | কোন সংশোধনী প্রস্তাব না থাকায় ২৭ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিঃ তারিখের সভার কাযবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা |
| ২ | গৃহিত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সভায় আলোচনা হয়।সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নপূর্বক পরবর্তী সভার পূর্বে অবহিত করলে কাযবিবরণী প্রস্তুতে সহায়ক হয়। সিদ্ধান্ত বাস্তবায়নে অগ্রগতি সন্তোষজনক। | সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন এবং নতুন এজেন্ডা সম্পর্কিত প্রতিবেদন ১৫ দিনের মধ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তা ডুমুরিয়া, খুলনা |
| ৩ | আয়-ব্যয়ের হিসাব | উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা মার্চ-২০২৫ মাসে উপজেলা পরিষদ রাজস্ব ও উন্নয়ন তহবিলে জমা/আয় এবং উক্ত তহবিল হতে ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করেন যা-নিম্নরূপ:<br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আয় বিবরণী:<br>উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে মার্চ-২০২৫ মাসে স্থিতি পরিমাণ-৩,২৭,৩৬,০৮২.৬৯/- টাকা এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে স্থিতির পরিমাণ-৫,১৯,৬৭,৭৬৯.৩৮/- টাকা। | ক) উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ বিধি মোতাবেক জমা এবং ব্যয় নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ ডুমুরিয়া, খুলনা |
| ৪ | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিভিন্ন ব্যয় ও প্রকল্প গ্রহণ | ১) জনাব মোঃ ফরিদুর রহমান, অফিস সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ডুমুরিয়া, খুলনাকে উপজেলা পরিষদের ২০২৪-২৫ অর্থ বছরের ভূমি উন্নয়ন কর বাবদ মোট ১৭,২৪০/- টাকা ব্যয়িত হয় । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>২) জনাব মোঃ হাবিবুর রহমান, উপজেলা শিক্ষা অফিসার ডুমুরিয়া, খুলনাকে উপজেলা পর্যায়ে জাতীয় প্রাথমিক শিক্ষা পদক, ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা/২৫ উপলক্ষে আর্থিক সহায়তা বাবদ মোট ৫০,০০০/- টাকা প্রদান করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১) উপজেলা পরিষদের ২০২৪-২৫ অর্থ বছরের ভূমি উন্নয়ন করের ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>২) উপজেলা পর্যায়ে জাতীয় প্রাথমিক শিক্ষা পদক, ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা/২৫ উপলক্ষে আর্থিক সহায়তা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ ডুমুরিয়া, খুলনা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | উপজেলা প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনা | (ক) উপজেলা প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনা ২০২৪-২৫ অর্থবছরে এডিপি এর আওতায় কিছু কিছু স্কীমের বাস্তবায়ন পদ্ধতি পরিবর্তনের জন্য সভায় উপস্থাপন করেন।<br>অনুমোদিত স্কীম নং-০৩ পিআইসি এর পরিবর্তে দরপত্র, অনুমোদিত স্কীম নং-৫০ দরপত্রের পরিবর্তে কোটেশন অনুমোদিত স্কীম নং-৬৬, ৬৭ দরপত্রের পরিবর্তে পিআইসি। | (ক) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে পরিবর্তিত পদ্ধতিতে বাস্তবায়ন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ এবং উপজেলা প্রকৌশলী ডুমুরিয়া, খুলনা |
| | | খ) উপজেলা প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনা জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় অনুমোদিত স্কীম নং-৬৭ তে বর্ণিত ০২টি নলকূপ অনুমোদন হয় কিন্তু সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান জানান যে, পূর্ব শোভনা খান আব্দুল জলিলের বাড়িতে নলকূপ থাকায় উহার পরিবর্তে শোভনা ওয়াপদা হতে আব্দুল জলিল খানের বাড়ি অভিমুখে রাস্তা সোলিংকরণ কাজটি বাস্তবায়নের অনুরোধ জানান।<br>২. চেয়ারম্যান, সাহস ইউপি জানান যে, অনুমোদিত স্কীম নং-৭৯ তে বর্ণিত সাহস ইউনিয়নে রাজাপুর বাজার মোড় হতে বিমল মিত্র এর বাড়ির অভিমুখে ইটের সোলিং দ্বারা উন্নয়ন কাজের পরিবর্তে উক্ত রাস্তা সংস্কার কাজ করতে হবে এবং উক্ত রাস্তার টাকা ৪০০০০০.০০ এর পরিবর্তে ২০০০০০.০০ হবে।<br>৩. অনুমোদিত স্কীম নং- ৮০ তে বর্ণিত স্কীমের টাকা ৩০০০০০.০০ এর পরিবর্তে ৫০০০০০.০০ টাকা হবে।<br>৪. অনুমোদিত স্কীম নং-৮১ তে বর্ণিত স্কীমের খ ক্রমিকের গভীর নলকূপে স্থাপনের পরিবর্তে নোয়াকাটি পিচের রাস্তা হতে এ্যাড: শামীমের বাড়ির পার্শ্বে রাস্তা সোলিংকরণ হবে।<br>৫. ২০২৪-২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় অনুমোদিত স্কীম নং ৩০ এ বর্ণিত স্কীমটি জায়গার জটিলতার কারনে উক্ত স্কীমের পরিবর্তে মো: নাশির সরদার, পিং-মৃত: আ: লতিফ সরদার, সাং-নোয়াকাটি, সাহস, ডুমুরিয়া, খুলনা এর বাড়ির পার্শ্বে গভীর নলকূপ স্থাপন হবে। টাকা- ১২০০০০, পিআইসি। | (খ) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে পরিবর্তিত স্কীম এবং পরিবর্তিত পদ্ধতিতে স্কীমগুলি বাস্তবায়ন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | |
| | | গ) উপজেলা প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনা জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় অনুমোদিত স্কীম নং-৯২ তে বর্ণিত স্কীমের বাস্তবায়ন পদ্ধতি পরিবর্তন পূর্বক দরপত্রের পরিবর্তে পিআইসি হবে ২. অনুমোদিত স্কীম নং-৯৬ তে বর্ণিত স্কীমের মধ্যে খলসি জাফর খানের বাড়ি হতে কবরস্থান পর্যন্ত ড্রেন নির্মাণ হবে। ৩. অনুমোদিত স্কীম নং-১৪২ | (গ) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে পরিবর্তিত পদ্ধতিতে স্কীমগুলি বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয় | |

তে বর্ণিত স্কীমটি দরপত্রের পরিবর্তে কোটেশনের মাধ্যমে বাস্তবায়িত হবে ।

ঘ) উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় প্যাকেজনং- UDF/DUMU/23-24/P-20 এর ঠিকাদার মেসার্স হুমাইরা এন্টারপ্রাইজ, পাইকগাছা খুলনা কাজ বাস্তবায়ন কালে বিভিন্ন কাজের কম বেশী হয়। ইহার মধ্যে ২৩৫ নং ক্রমিকের বর্ণিত " ডুমুরিয়া ৭নং ওয়ার্ডে আরাজি সাজিয়াড়া বড় বাজারের ড্রেনের উপর দিয়ে স্লাব নির্মাণ" কাজের জায়গার কম থাকায় বরাদ্দকৃত সম্পূর্ণ টাকার কাজ করা সম্ভব হয় নাই বিধায় উহার অবশিষ্ট টাকা ২৪০ নম্বর ক্রমিকে বর্ণিত " ডুমুরিয়া ইউনিয়ন পরিষদের মা ও শিশু কর্ণানের ছাদ নির্মাণ " কাজের সাথে ব্যয় করা হয়েছে। যাহা কর্মোত্তর অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো।

(ঘ) এ বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনান্তে ২৩৫ ও ২৪০ এর টাকার কর্মোত্তর কাজ অনুমোদনের সিদ্ধান্ত সর্ব-সম্মতিক্রমে গৃহিত হয়।

ঙ) উপজেলা প্রকৌশলী জানান যে, চেয়ারম্যান ডুমুরিয়া সদর, রঘুনাথপুর ও রংপুর ইউপি, যৌথভাবে জানান যে, নিম্নে বর্ণিত স্কীমগুলি বাস্তবায়নের সময় দেখা যায় জায়গার জটিলতা এবং বরাদ্দ স্বল্পতার কারনে কাজ বাস্তবায়ন করা সম্ভব হয় নাই বিধায় স্কীম গুলি পরিবর্তন করা আবশ্যক।

| ক্রমিক | পূর্বের অনুমোদিত স্কীম | পরিবর্তিত স্কীম |
|---|---|---|
| ৩২৮ | ক) রঘুনাথপুর ইউনিয়নের ৯নং ওয়ার্ডে মনোষা মন্দির সংলগ্ন মোড় হতে পরিতোষ ফৌজদারের বাড়ি অভিমুখে রাস্তা সোলিংকরন খ) উক্ত ইউনিয়নে ৭নং ওয়ার্ডে মেইন রাস্তা হতে শ্রীকান্ত মণ্ডলের বাড়ি অভিমুখে রাস্তা সোলিংকরন-১,৫০,০০০/ । | ডুমুরিয়া সদর ইউনিয়নে ৮নং ওয়ার্ডে সাম্মী মোল্যা, পিতা-ওয়াদুদ মোল্যা সাং- ডুমুরিয়া এর বাড়ির পার্শ্বে গভীর নলকূপ স্থাপন। টাকা ১,২৫,০০০/- পিআইসি এবং ডুমুরিয়া সেন্ট্রাল ইদগাহ ময়দান সংস্কার-২৫,০০০/- পিআইসি |
| ৫৪৫ | রংপুর বাজারে জনাব রেজাউল গোলদার, পিং নুর মোহাম্মদ গোলদার, গ্রাম-রংপুর, ডাক-সলুয়া এর বাড়ির নিকট গভীর নলকূপ স্থাপন।টাকা-১,২৫,০০০/- পিআইসি | ডুমুরিয়া সদর ইউনিয়নে ৮নং ওয়ার্ডে নাহিদ কাজী, পিং-শামছুর রহমান সাং- ডুমুরিয়া এর বাড়ির পার্শ্বে গভীর নলকূপ স্থাপন। টাকা-১,২৫,০০০/- |

ঙ) এ ব্যাপারে সভায় আলোচনা হয়। আলোচনান্তে ক্রমিক নং ৩২৮ এবং ৫৪৫ এ বরাদ্দকৃত অর্থ দ্বারা পরিবর্তিত স্কীমগুলি বাস্তবায়নের সিদ্ধান্ত সর্ব-সম্মতি ক্রমে গৃহিত হয়।

চ) উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় অনুমোদিত স্কীমসমূহ ১৭৮- উপজেলা থানা মসজিদের সংস্কারের জন্য ১,০০,০০০/- টাকা অনুমোদন ছিল কিন্তু কাজের

চ) এ ব্যাপারে সভায় আলোচনা হয়। আলোচনান্তে ক্রমিক নং ১৭৮ এর কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য অতিরিক্ত

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>পরিধি বেশী হওয়ায় উক্ত টাকায় বাস্তবায়ন করা সম্ভব হয়নি বিধায় উক্ত কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সর্বমোট ১,৫০,০০০/- টাকার প্রয়োজন।<br><br>ছ) চেয়ারম্যান গুটুদিয়া ইউপি নিম্নে বর্ণিত স্কীমগুলি পরিবর্তনের জন্য আবেদন করেছেন, যাহা উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা কর্তৃক স্বাক্ষরিত আছে।<br>
<table>
<tr><th>ক্রমিক</th><th>পূর্বের অনুমোদিত স্কীম</th><th>পরিবর্তিত স্কীম</th></tr>
<tr><td>৭৩৭<br>৭৫৫</td><td>গুটুদিয়া ইউনিয়নে পাহাড়পুর জামে মসজিদ হতে শ্মশান ঘাট অভিমুখী রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন ও সংস্কার- ৫,০০,০০০/-।<br>গুটুদিয়া ইউনিয়নে পূর্ব বিল পাবলা মেইন রোড হতে আলাইপুর অভিমুখী রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন- ৩,০০,০০০/- খ) রায়ের মহল মোস্তর মোড় মেইন রোড পানির পাম্পের পাশ হতে রাজুর জমি অভিমুখী রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন- ২,০০,০০০/-</td><td>পূর্ব বিলপাবলা আনসার ভিডিপি ক্লাবের বিপরীতে দেবাশিষ বাবুর বাড়ির পিছনের কালভার্ট হতে সমিরণ বাছাড়ের বাড়ি অভিমুখে রাস্তা আর সি সি দ্বারা উন্নয়ন- ১,০০,০০০/-</td></tr>
<tr><td>৬২৫</td><td>১৩নং গুটুদিয়া · ইউনিয়নে ইসলামের বাড়ী হতে পাটকেল পোতা ওয়াপদার অভিমুখী ইটের সোলিং দ্বারা রাস্তা উন্নয়ন-২,৫০,০০০/-।</td><td>গুটুদিয়া ইউনিয়নের বড়ডাংগা ওয়াপদা ইটের সোলিং রাস্তার মাথা হতে নুরুল ইসলাম কাজির বাসা অভিমুখে রাস্তা সোলিং দ্বারা উন্নয়ন।- ২,৫০,০০০/-</td></tr>
<tr><td>৬৫৮</td><td>গুটুদিয়া ইউনিয়নের ইসলামের বাড়ী হতে পাটকেলপোতা ওয়াবদার অভিমুখী রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন- ২,৫০,০০০/-।</td><td>গুটুদিয়া ইউনিয়নের খামার বাটি চুমকী সেতু হতে উত্তর দিক অভিমুখে রাস্তা আর সি সি দ্বারা উন্নয়ন। ২,৫০,০০০/-</td></tr>
<tr><td>৬৭৭</td><td>গুটুদিয়া ইউনিয়নে পূর্বপাড়া মসজিদের রাস্তায় ৩২মি: প্যালাসাইডিং দ্বারা উন্নয়ন- ৩,০০,০০০/-।</td><td>গুটুদিয়া ইউনিয়নের কুলটি পশ্চিমপাড়া ঢালাই রাস্তার মাথা হতে পশ্চিমদিক অভিমুখি রাস্তা আর সি সি ঢালাই দ্বারা উন্নয়ন। ৩,০০,০০০/-</td></tr>
<tr><td>৬৭৯</td><td>গুটুদিয়া ইউনিয়নে লাইন বিল পাবলা সিকদার পাড়া স্বপন মজুমদারের বাড়ি হতে গোপাল মণ্ডলের বাড়ি পর্যন্ত রাস্তা সোলিংকরণ। চেঃ ২৭০০ মিটারে ব্রীজ এপ্রোজে এইচ বিবি দ্বারা উন্নয়ন- ২,০০,০০০/-</td><td>গুটুদিয়া ইউনিয়নের আরাফাত আবাসিক এলাকায় ১নং রোড মসজিদের রাস্তা আর সি সি দ্বারা উন্নয়ন। ২,৫০,০০০/-</td></tr>
</table>
</td>
<td>৫০,০০০/- টাকা বরাদ্দ অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিতে গৃহিত হয়।<br><br>ছ) এ ব্যাপারে সভায় আলোচনা হয়। আলোচনান্তে ক্রমিক নং ৭৩৭,৭৫৫,৬২৫,৬৫৮,৬৭৭, ৬৭৯ এর পরিবর্তিত স্কীম গুলি বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিতে গৃহিত হয়।</td>
<td></td>
</tr>
<tr>
<td>৬</td>
<td>উপজেলা সমাজসেবা</td>
<td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, পরিচালক (সমাজসেবা নিরাপত্তা) সমাজসেবা অধিদফতর,</td>
<td>সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের সর্বসম্মতিক্রমে</td>
<td>উপজেলা সমাজসেবা</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা | আগারগাঁও, ঢাকা মহোদয়ের স্মারক নং- ৪১.০১.০০০০.০৪১.১৪.০১০.৪৭৭ তারিখ: ০৪/০৭/২৪ খ্রিঃ মূলে ২০২৪-২৫ অর্থ বছরে বিগত বছরের ন্যায় এ বছরও সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতাধীন বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি কর্মসূচি, অনগ্রসর জনগোষ্ঠীর (বিশেষ ভাতা, শিক্ষা উপবৃত্তি) এবং হিজড়া ভাতা কর্মসূচির সুবিধাভোগীদের লাইভ ভেরিফিকেশন করা প্রয়োজন।তিনি আরও বলেন, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর সুবিধাভোগীদের দোরগোড়ায় ভাতার অর্থ পৌছানোর লক্ষ্যে ২০২০-২১ অর্থ বছরের ২য় কিস্তি হতে এ২চ পদ্ধতিতে বিতরণ করা হচ্ছে। তিনি জানান লাইভ ভেরিফিকেশন এর উদ্দেশ্য হলোঃ মৃত ভাতাভোগীদের চিহ্নিত করা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা কর্মসূচির কোনো উপকারভোগী পুনঃবিবাহ বন্ধনে আবদ্ধ হয়েছেন কি না প্রতিবন্ধী ভাতা ও প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি কর্মসূচির আওতায় সুবর্ণ নাগরিক কার্ড ব্যতিরেকে আর্থিক সুবিধা গ্রহণ করছেন কিনা এ বিষয়ে সভায় বিস্তারিত অলোচনা করা হয়। | ডুমুরিয়া উপজেলাধীন ১৪ টি ইউনিয়নে পর্যায়ক্রমিকভাবে লাইভ ভেরিফিকেশন সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।এ বিষয়ে ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানগণকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হয়। | কর্মকর্তা, চেয়ারম্যান (সকল) |
| ৭ | উপজেলা তথ্যকেন্দ্র | সভায় কাজের অগ্রগতি উল্লেখ করে উপজেলা তথ্যসেবা কর্মকর্তা জানান যে, তথ্যআপাঃ তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে নারীদের ক্ষমতায়ন প্রকল্পের আওতায় প্রধান কার্যালয়ের মাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী তথ্যকেন্দ্র থেকে প্রকল্প প্রধান কার্যালয়ের নির্দেশনায় ৪টি উঠান বৈঠকের মাধ্যমে ২০০ জনকে সেবা দেওয়া হয়েছে। ১০নং ভান্ডারপাড়া ইউনিয়নের ০৫নং ওয়ার্ডের খড়িবুনিয়ায় ০৩/০৩/২৫ তারিখে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়, রির্সোস পারসন ছিলেন উপজেলা শিক্ষা অফিসার এবং উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার। ০৩নং রুদাঘরা ইউনিয়নের ০৩নং ওয়ার্ডের খরসংড় শোলগাতিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ০৫/০৩/২৫ তারিখে রিসোর্স পারসন ছিলেন সিনিয়র দারিদ্র বিমোচন কর্মকর্তা ও উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার। ১১/০৩/২৫ তারিখে উঠান বৈঠক অনুষ্ঠিত হয় ০৫নং আটলিয়া ইউনিয়নে ০৬নং ওয়ার্ডের সুন্দরবুনিয়ায় রিসোর্স পারসন ছিলেন উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার। সাব অফিসার (ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিস) । তথ্যকেন্দ্র থেকে ৪৫ জনকে সেবা দেওয়া হয়েছে। এমতাবস্তায় তথ্যকেন্দ্র থেকে সর্বমোট ২৪৫ জনকে উল্লেখিত বিষয়ে সেবা প্রদান করা হয়েছে। | তথ্যআপা তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে নারীদের ক্ষমতায়ন প্রকল্পের আওতায় উঠান বৈঠক, শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, কৃষি ও জেন্ডার বিষয়ে অনুষ্ঠান করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | উপজেলা কৃষি কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, বর্তমান মৌসুমে আমন বীজতলার লক্ষ্যমাত্র ৯১৫ হেক্টর নির্ধারণ করা হয়েছিল যা ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। আমন আবাদ লক্ষ্যমাত্রা ১৫,৯০০ হেক্টর নির্ধারণ করা হয়েছিল। এ পর্যন্ত ১০,০৫০ হেক্টর জমিতে রোপন কার্যক্রম সম্পন্ন হয়েছে। দন্ডায়মান ফসলের মধ্যে সবজির আবাদ হয়েছে ২৭০০ হেক্টর এবং অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আমন ধান আবাদে লক্ষ্যমাত্র পূরণ করার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা |
| ৯ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনা | উপ-সহকারী প্রকৌশলী বলেন যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ডুমুরিয়া, খুলনা এর মাধ্যমে বিভিন্ন উন্নয়ন মূলক কাজ বাস্তবায়িত হচ্ছে। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৩৪২ টি গভীর নলকূপ ও ২২ টি রেইন ওয়াটার হার্ভেস্টিং স্থাপনের কাজ চলমান। এছাড়া, উপকূলীয় জেলাসমূহে বৃষ্টির পানি সংরক্ষণের মাধ্যমে পানি সরবরাহ প্রকল্প এর আওতায় বরাদ্দ প্রাপ্ত রেইন ওয়াটার হার্ভেস্টিং স্থাপনের কাজ চলমান আছে। এছাড়া চলতি অর্থবছরে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৬০ টি গভীর নলকূপ ও ০৮ টি রেইন ওয়াটার হার্ভেস্টিং স্থাপনের ও উপকুলীয় জেলাসমূহে বৃষ্টির পানি সংরক্ষণের মাধ্যমে পানি সরবরাহ প্রকল্প এর প্রাপ্ত বরাদ্দের স্থান তালিকা নির্বাচন স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ি চুড়ান্ত হয়েছে।তাছাড়া PEDP-4 ও GPS প্রকল্পের অআওতায় বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মান কাজ চলমান আছে। এছাড়াও প্রস্তাবিত গ্রামীণ স্যানিটেশন প্রকল্পের আওতায় ০৪ টি কমিউনিটি টয়েলেটের বরাদ্দ পাওয়া গেছে। উক্ত কমিউনিটি টয়লেটের স্থান তালিকা নির্বাচন করা প্রয়োজন। তাছাড়া মাগুরখালী ইউনিয়নে "উপকূলীয় জেলা সমূহে বৃষ্টির পানি সংরক্ষণের মাধ্যমে পানি সরবরাহ "প্রকল্পের আওতায় ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্যায়ের ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের প্রাপ্ত বরাদ্দ হতে রেইন ওয়াটার হার্ভেষ্টিং স্থান তালিকা সহায়ক চাঁদা জমা না হওয়ায় উক্ত রেবিন ওয়াটার হার্ভেষ্টিং স্থাপনের কাজ সংশ্লিস্ট ঠিকাদার বাস্তবায়ন করতে পারছেন না, ফলে দাপ্তরিক কাজের অগ্রগতির ব্যাহত হচ্ছে। | ৩৪২ টি গভীর নলকূপ ও ২২ টি রেইন ওয়াটার হার্ভেস্টিং স্থাপনের কাজ চলমান। এছাড়া, উপকূলীয় জেলাসমূহে বৃষ্টির পানি সংরক্ষণের মাধ্যমে পানি সরবরাহ প্রকল্প এর আওতায় বরাদ্দ প্রাপ্ত রেইন ওয়াটার হার্ভেস্টিং স্থাপনের কাজ চলমান আছে। কাজের ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১০. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব এস এম কামরুজ্জামান সভায় জানান, ২০২৪-২০২৫ অর্থবছরে চলতি মাসে ৩০ জন যুব/যুব নারীকে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং ১১ জন যুব/যুব নারীকে আত্মকর্মীসহ চলতি অর্থবছরে ২৬ জন যুব/যুব নারীকে আত্মকর্মে নিয়োজিত করা হয়। আত্মকর্মসংস্থান কর্মসূচীতে এ অর্থবছরে ১৭ জন আত্মকর্মীকে ৮,৫০,০০০/- টাকা যুব ঋণ প্রদান করা হয়। এছাড়া ক্লাব রেজিষ্ট্রেশন কার্যক্রমসহ বায়োগ্যাস প্লান্ট স্থাপন এবং ঋণ সহযোগিতা চলমান আছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে। | ২০২৪-২০২৫ অর্থবছরে চলতি মাসে ৩০ জন যুব/যুব নারীকে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং ১১ জন যুব/যুব নারীকে আত্মকর্মীসহ চলতি অর্থবছরে ২৬ জন যুব/যুব নারীকে আত্মকর্মে নিয়োজিত করা হয়। আত্মকর্মসংস্থান কর্মসূচীতে এ অর্থবছরে ১৭ জন আত্মকর্মীকে ৮,৫০,০০০/- টাকা যুব ঋণ প্রদান করা হয়। এছাড়া ক্লাব রেজিষ্ট্রেশন কার্যক্রমসহ বায়োগ্যাস প্লান্ট স্থাপন এবং ঋণ সহযোগিতা চলমান আছে। দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২০.০৩.২০২৫

মুহাম্মদ আল-আমিন
প্রশাসক
ডুমুরিয়া উপজেলা পরিষদ
ডুমুরিয়া, খুলনা
ফোন: ০৪০২৫-৫৬২২৫(অফিস)

স্মারক নং-০৫.৪৪.৪৭৩০.০০১.০৬.০০১.২১.২১১(৫০)　　　তারিখ: ২০/০৩/২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১ সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২ বিভাগীয় কমিশনার, খুলনা।
০৩ জেলা প্রশাসক, খুলনা।
০৪ উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
০৫ নির্বাহী প্রকৌশলী এল.জি.ই.ডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর/ পানি উন্নয়ন বোর্ড,খুলনা।
০৬ উপপরিচালক, মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, খুলনা।
০৭ জেলা শিক্ষা অফিসার, খুলনা।
০৮ ---------------------------------------------------------------------------------(জেলা পর্যায়ের দপ্তর সংশ্লিষ্ট প্রধান)
০৯ উপজেলা ---------------------------------------------------------------------------, ডুমুরিয়া, খুলনা।
১০ উপজেলা আই.সি.টি কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা। বিষয়টি ওয়য়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১১ জনাব ---------------------------------------------------------------------

২০.০৩.২০২৫

মুহাম্মদ আল-আমিন
উপজেলা নির্বাহী অফিসার
ডুমুরিয়া, খুলনা
ফোন: ০৪০২৫-৫৬০০১

CamScanner